



আখাউড়া স্থলবন্দরে সাত দিন বন্ধ থাকবে আমদানি-রপ্তানি



ছবি: সংগৃহীত

শারদীয় দুর্গাপূজা ও লক্ষ্মীপূজা উপলক্ষে ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়া স্থলবন্দর দিয়ে ভারতের উত্তর-পূর্বাঞ্চলীয় রাজ্যগুলোর সঙ্গে আমদানি-রপ্তানি কার্যক্রম সাত দিন বন্ধ থাকবে। তবে এ সময়ে দুই দেশের পাসপোর্টধারী যাত্রী পারাপার ও কাস্টমসের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক থাকবে।

বন্দর সূত্রে জানা গেছে, শনিবার (১৭ অক্টোবর) থেকে বুধবার (২১ অক্টোবর) পর্যন্ত দুর্গাপূজা উপলক্ষে টানা পাঁচ দিন আমদানি-রপ্তানি বন্ধ থাকবে। এরপর লক্ষ্মীপূজা উপলক্ষে ২৫ ও ২৬ অক্টোবর, রোববার ও সোমবার, আরও দুই দিন বাণিজ্য কার্যক্রম বন্ধ থাকবে।

আগামী ২৭ অক্টোবর মঙ্গলবার সকালে ত্রিপুরায় মাছ রপ্তানির মধ্য দিয়ে বন্দরে পুনরায় আমদানি-রপ্তানি কার্যক্রম শুরু হওয়ার কথা রয়েছে।

আগরতলা ইন্দো বাংলা এক্সপোর্ট-ইমপোর্ট কমিউনিকেশন সেন্টার চিঠির মাধ্যমে বাণিজ্য বন্ধের সিদ্ধান্তটি আখাউড়া স্থলবন্দরের ব্যবসায়ী নেতাদের জানিয়েছে। বিষয়টি নিশ্চিত করেছেন আখাউড়া স্থলবন্দরের সহকারী পরিচালক (ট্রাফিক) মোহাম্মদ মেহেদী হাসান এবং আখাউড়া স্থলবন্দর স্টেশনের রাজস্ব কর্মকর্তা মো. নূরুল হুদা।

আখাউড়া আন্তর্জাতিক চেকপোস্ট ইমিগ্রেশনের ইনচার্জ ওসি মো. আলা উদ্দিন জানান, বাণিজ্য কার্যক্রম বন্ধ থাকলেও এ পথে পাসপোর্টধারী যাত্রীদের যাতায়াত স্বাভাবিক থাকবে।